পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

পিএসডি সার্কুলার নং- ১১

তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০২৫
২৪ ভাদ্র ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্সপ্রাপ্ত ও অনুমোদনপ্রাপ্ত সকল পরিশোধ ব্যবস্থা পরিচালনাকারী (পিএসও), পরিশোধ সেবাদানকারী (এমএফএস এবং পিএসপি) ও ডাক বিভাগের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস 'নগদ'
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

**পরিশোধ ব্যবস্থা পরিচালনাকারী ও পরিশোধ সেবাদানকারীর স্বমূল্যায়ন প্রসঙ্গে।**

পরিশোধ, নিকাশ এবং নিষ্পত্তি ব্যবস্থা সংহতকরণ, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণের মাধ্যমে অর্থ লেনদেনের ঝুঁকি হ্রাসকরণ ও গ্রাহক স্বার্থ সংরক্ষণকল্পে পরিশোধ ও নিষ্পত্তি ব্যবস্থা আইন, ২০২৪ প্রণীত হয়। বর্ণিত আইনের ১৮ ধারার ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক পরিশোধ কার্যক্রমের আধুনিকায়ন, ঝুঁকি হ্রাসকরণ ও গ্রাহক স্বার্থ সংরক্ষণে পরিশোধ ব্যবস্থা পরিচালনাকারী ও পরিশোধ সেবাদানকারীর কার্যক্রমের মানদণ্ড ও নীতি নির্ধারণ এবং প্রয়োগ করতে পারে।

২। পরিশোধ সংক্রান্ত যাবতীয় কার্যক্রমে স্বচ্ছতা, নিরাপত্তা ও স্থিতিশীলতা প্রতিষ্ঠার লক্ষ্যে বর্ণিত প্রতিষ্ঠানসমূহের স্বমূল্যায়ন কার্যক্রমের ভূমিকা অপরিসীম। কেননা আন্তর্জাতিকভাবে স্বীকৃত স্বমূল্যায়ন প্রক্রিয়ার মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাংগঠনিক ও আইনি কাঠামো, পরিচালন দক্ষতা, আর্থিক স্থিতিশীলতা, প্রযুক্তিগত সক্ষমতা, ঝুঁকি ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, দুর্যোগ ব্যবস্থাপনা ও গ্রাহক স্বার্থ সংরক্ষণের বিষয়ে উদ্ভূত সমস্যা নিরসনে দ্রুততগতিতে কার্যকর ব্যবস্থা নিশ্চিত করা যায়। এ প্রেক্ষাপটে পরিশোধ কার্যক্রমের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম স্বমূল্যায়নের লক্ষ্যে সুনির্দিষ্ট ফরম্যাট (টেমপ্লেট) প্রণয়ন করা হয়েছে।

৩। এক্ষণে, বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্সপ্রাপ্ত ও অনুমোদনপ্রাপ্ত সকল পরিশোধ ব্যবস্থা পরিচালনাকারী ও পরিশোধ সেবাদানকারীকে প্রণীত টেমপ্লেট অনুসারে তাদের নিজ নিজ প্রতিষ্ঠানের কার্যক্রম স্বমূল্যায়ন করার নির্দেশ প্রদান করা হ'ল।

৪। প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষরিত ঘোষণা পত্রসহ (নমুনা সংযোজিত) বার্ষিক ভিত্তিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাদের কার্যক্রমের ৩১ ডিসেম্বর তারিখ ভিত্তিক স্বমূল্যায়ন সম্পন্ন করে দালিলিক প্রমাণসহ পরবর্তী বছরের ৩১ জানুয়ারির মধ্যে এ বিভাগে দাখিল করবে।

পরিশোধ ও নিষ্পত্তি ব্যবস্থা আইন, ২০২৪ এর ১৮(৪) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে এ নির্দেশ জারি করা হ'ল, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ ক) ঘোষণা পত্র (০১ পৃষ্ঠা),
খ) এক্সেল টেমপ্লেট।

(মোহাম্মদ কামরুল ইসলাম)
পরিচালক (পিএসডি)
ফোন ঃ +৮৮০-২৫৫৬৬৫০০১-৬/২২৩৭০

# ঘোষণা পত্র

তারিখঃ

পরিচালক
পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
ডিভিশন-৩ (ওভারসাইট)
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়ঃ ৩১ ডিসেম্বর __________ তারিখ ভিত্তিক স্বমূল্যায়ন বিষয়ক রিপোর্টিং প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনাদের ০৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখের পিএসডি সার্কুলার নং-১১ এর নির্দেশ অনুযায়ী আমাদের প্রতিষ্ঠানের কার্যক্রমের উপর ৩১ ডিসেম্বর __________ তারিখ ভিত্তিক স্বমূল্যায়ন যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। এ প্রেক্ষিতে পূরণকৃত টেমপ্লেটের সমর্থনে দালিলিক প্রমাণাদি এতদ্সঙ্গে সংযোজন করা হয়েছে। আমার জ্ঞান ও বিশ্বাস মতে পূরণকৃত টেমপ্লেটে নির্ভুল তথ্য প্রদান করা হয়েছে, যাতে প্রতিষ্ঠানের সার্বিক অবস্থার প্রকৃত প্রতিফলন ঘটেছে। আমি নিশ্চিত করছি যে, পরিশোধ কার্যক্রম সংক্রান্ত আমাদের প্রতিষ্ঠানের পরিপালন ব্যবস্থা, প্রযুক্তিগত সক্ষমতা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, সেবার মানোন্নয়ন, গ্রাহক স্বার্থ সংরক্ষণ, নিরবিচ্ছিন্ন সেবা দান এবং বাংলাদেশ ব্যাংকের নিয়ম-নীতি ও নির্দেশনার পরিপালনে দূর্বলতাসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হয়েছে।

স্বাক্ষর : ____________________
নাম :
পদবী : ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
প্রতিষ্ঠানের নামঃ
ফোন :
ই-মেইল :